

সারাদেশ

নীলফামারীতে ইয়াবাসহ মাদক কারবারি গ্রেপ্তার

প্রতিবেদক: জেলা প্রতিনিধি, নীলফামারী

প্রকাশের তারিখ: রোববার, ৩০ আগস্ট ২০২৬, ০৫:২৩ PM



নীলফামারীর কিশোরগঞ্জে ১০০ পিস ইয়াবাসহ রজিউল ইসলাম (২৮) নামের এক ব্যক্তিকে গ্রেপ্তার করেছে জেলা গোয়েন্দা পুলিশ (ডিবি)। গত ২৭ আগস্ট গোপন সংবাদের ভিত্তিতে অভিযান চালিয়ে তাঁকে গ্রেপ্তার করা হয়।

পুলিশ সূত্রে জানা গেছে, জেলার মাদকবিরোধী বিশেষ অভিযানের অংশ হিসেবে ডিবি পুলিশের একটি দল অভিযানটি চালায়। কিশোরগঞ্জ উপজেলার নিতাই ইউনিয়নের পানিয়াল পুকুর কাছারী বাজার এলাকায় অভিযান চালিয়ে রজিউল ইসলামকে গ্রেপ্তার করা হয়।

রজিউল ইসলাম ওই উপজেলার হিয়া মামুদের ছেলে। তাঁর কাছ থেকে ১০০ পিস ইয়াবা ট্যাবলেট উদ্ধার করা হয়েছে বলে জানিয়েছে ডিবি পুলিশ।

ডিবি পুলিশ জানায়, রজিউল ইসলাম দীর্ঘদিন ধরে এলাকায় অবৈধ মাদক কেনাবেচার সঙ্গে জড়িত ছিলেন। তাঁর বিরুদ্ধে মাদকসংক্রান্ত একাধিক অভিযোগ রয়েছে।

জেলা গোয়েন্দা পুলিশের ভারপ্রাপ্ত কর্মকর্তা (ওসি) মতলুবুর রহমান বলেন, জেলা পুলিশ সুপার মো. ফরহাদ হোসেন খানের নির্দেশনায় মাদকের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতি নেওয়া হয়েছে। জেলাকে মাদকমুক্ত করতে এ ধরনের অভিযান অব্যাহত থাকবে।

তিনি জানান, গ্রেপ্তার রজিউল ইসলামের বিরুদ্ধে মাদকদ্রব্য নিয়ন্ত্রণ আইনে মামলা দায়ের করে আদালতে পাঠানোর প্রক্রিয়া চলছে।

এ বিভাগের আরও খবর



টেকসই উন্নয়নে গ্রামের উন্নয়ন জরুরি, সরাইলে জেলা পরিষদ প্রশাসক গ্রামীণ প্রান্তিক জনগোষ্ঠীর উন্নয়ন ছাড়া শহরের টেকসই উন্নয়ন সম্ভব নয় বলে মন্তব্য করেছেন ব্রাহ্মণবাড়িয়া জেলা পরিষদের প্রশাসক ও জেলা বিএনপির সা...



পিরোজপুরে ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী অনুষ্ঠিত
বাংলাদেশ জাতীয়তাবাদী ওলামা দলের ৪৭তম প্রতিষ্ঠাবার্ষিকী উপলক্ষে পিরোজপুরে ইমাম-ওলামা মশারোফ সম্মেলন ও দোয়া অনুষ্ঠান অনুষ্ঠিত হয়েছে। শনিবার...



৪৫০ টাকার রাসায়নিকে তৈরি হচ্ছে ২,২০০ টাকার দুধ
পাবনার বিভিন্ন এলাকায় গড়ে উঠেছে অসংখ্য ডেইরি ফার্ম ও চিলিং সেন্টার। অভিযোগ রয়েছে, এসবের আড়ালে কোথাও কোথাও তৈরি হচ্ছে নকল দুধ। সয়াবিন তেল, গু...



তরুণ নেতৃত্ব নিয়ে মধ্যনগর সদর ইউনিয়নে নির্বাচনী প্রস্তুতিতে মিনু
সুনামগঞ্জের মধ্যনগর উপজেলার ৪ নম্বর মধ্যনগর সদর ইউনিয়নে আসন্ন নির্বাচনে অংশ নেওয়ার প্রস্তুতি নিচ্ছেন উপজেলা
ছাত্রদের আশ্রয়ক ঘো. মিজানুর রহ...

Copyright Dhaka Probe

অনলাইন সংস্করণ পড়তে ভিজিট করুন: <https://dhakaprobe.com/saradesh/nilfamarite-iyabash-madk-karbari-greptar>